দৈনিক
ইনকিলাব

তারিখ ... OCT 21 2006 ...
পৃষ্ঠা ... কলাম ...

# যৌন ও ভর্তি ফরম কেলেঙ্কারি খুবি'র টক অব দি টাউন

খুলনা জেলা সংবাদদাতা

খুলনা বিশ্ববিদ্যালয়ের যৌন হয়রানি ও ভর্তি ফরম কেলেঙ্কারি ঘটনা ছিল গত বৃহস্পতিবার টক অব দি টাউন। খুবি'র জাল ভর্তি ফরম বিক্রির ঘটনায় অর্থ ও হিসাব বিভাগের কর্মকর্তা মাহবুবুল হক শিমুলসহ দুই নিরাপত্তা কর্মীকে সাময়িক বরখাস্ত ও দুই নিরাপত্তা কর্মীকে কারণ দর্শানো নোটিশ দিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। অন্যদিকে বিশ্ববিদ্যালয় এক ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগে অভিযুক্ত শিক্ষককে বহিষ্কারের দাবী তুলেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীসহ শিক্ষার্থী ও অভিভাবক মহল। তাছাড়া এ ঘটনার জন্য কোন তদন্ত কমিটি গঠন না হওয়ায় গোটা বিশ্ববিদ্যালয়ে ক্ষোভের সৃষ্টি করেছে। সূত্র জানায়, গোটা জালিয়াতি কাজ করা হয়েছে অত্যন্ত সুকৌশলে এবং এর সাথে একটি কুচক্রী মহল জড়িয়ে রয়েছে। চক্রটি ফরমপ্রতি ৬০০ টাকা করে নিয়ে প্রায় ৬ লাখ টাকা হাতিয়ে নেয়ার চক্রান্ত করেছিল। অপরদিকে বিশ্ববিদ্যালয়ের ছাত্রীক যৌন হয়রানির অভিযোগে অভিযুক্ত অর্থনীতির ডিসিপ্লিনের প্রধান ড. সাইফুল ইসলাম গত ৩ দিন ছিলেন খুলনার আলোচনার কেন্দ্রবিন্দু। দায়িত্বশীল একজন শিক্ষকের এ ধরনের যৌন কেলেঙ্কারি ঘটনায় ঘৃণা ও ক্ষোভের সঞ্চার হয়েছে। এ ঘটনায় বিএনপি, আওয়ামী লীগ, জামায়াত ও জাতীয় পার্টিসহ সব মহল থেকে নিন্দা জানানো হয়েছে।